

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

নং- ৪৬.৪২.৪৭০০.০০০.১৪.০৮৪.১৫. ২২০৬

তারিখঃ ১৫/০৫/২০১৬।

বিষয়ঃ ২০১৫-২০১৬ অর্থ বছরে রাজস্ব তহবিলের আওতায় গৃহীত প্রশিক্ষণ প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।


সূত্রঃ খুলনা জেলা পরিষদের স্মারক নং-খুজেপ/প্রকৌঃ/এক-জি/২০১৫-১৬/২১১০, তারিখঃ ৭/৪/২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, ২০১৫-২০১৬ অর্থ বছরের অনুমোদিত রাজস্ব বাজেটের আওতায় ৬৮,৪৭,৪০০/- (আটষট্টি লক্ষ সাতচল্লিশ হাজার চারশত) টাকায় ৪টি প্রকল্প নিম্নে বর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো :

ক্র:নং	প্রকল্পের নাম	পরিমাণ
১)	কম্পিউটার প্রশিক্ষণ কোর্সে	১১,৭৯,৫২০/-
২)	সেলাই প্রশিক্ষণ	১০,০৭,৮৮০/-
৩)	সেলাই প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষার্থীদের বিনামূল্যে বিতরণের জন্য ২০১টি এবং প্রশিক্ষণের জন্য ৩৯টিসহ ২৪০টি সেলাই মেশিন ক্রয়	২২,৮০,০০০/-
৪)	দুস্থ অসহায়দের দারিদ্রদের মাঝে বিনামূল্যে বিতরণের জন্য ১৭০টি রিক্সা/ভ্যান ক্রয়	২৩,৮০,০০০/-
	মোট	৬৮,৪৭,৪০০/-

শর্তসমূহঃ

- ১) প্রশিক্ষার্থী ও সুবিধাভোগীদের বাছাইয়ের জন্য বহুল প্রচলিত জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদান;
- ২) কম্পিউটার ও সেলাই প্রশিক্ষণ এবং রিক্সা/ভ্যান প্রকল্প বাস্তবায়নের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, খুলনা, উপ পরিচালক স্থানীয় সরকার খুলনা, উপজেলা নির্বাহী অফিসার সদর খুলনা, সহকারী প্রকৌশলী জেলা পরিষদ, খুলনা এর সমন্বয়ে কমিটি গঠন;
- ৩) বিজ্ঞপ্তির মাধ্যমে প্রাপ্ত আবেদনপত্রসমূহ কমিটির মাধ্যমে যাচাই বাছাই করে প্রশিক্ষণার্থী নির্বাচন করে তাদের নামের তালিকা (জাতীয় পরিচয় পত্রের নম্বর উল্লেখসহ) মন্ত্রণালয় কে অবহিত রেখে প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ;
- ৪) সেলাই প্রশিক্ষণসহ অন্যান্য প্রশিক্ষণ কোর্সে যুবসমূহ উন্নয়ন অধিদপ্তর পরিচালিত প্রশিক্ষণ পাঠক্রম অনুক্রমে পরিচালনা করতে হবে;
- ৫) কম্পিউটার প্রশিক্ষণ সংক্রান্ত কোর্সসমূহ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল পরিচালিত বেসিক আইসিটি ট্রেনিং এর কোর্স মডিউলের অনুক্রমে পরিচালনা করতে হবে এবং প্রশিক্ষণার্থীগণ অন লাইনে অর্থ উপার্জনের প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে পারে এরূপ বিষয় কোর্স মডিউলে অন্তর্ভুক্ত হবে;
- ৬) প্রশিক্ষকের সম্মানী প্রতি ক্লাসের জন্য অনধিক ৫০০/- (পাঁচশত) টাকা হারে প্রদান করা যাবে এবং প্রশিক্ষণার্থীগণযেহেতু বিনা মূল্যে প্রশিক্ষণের সুযোগ পাচ্ছেন সেহেতু তাদেরকে আর কোন সম্মানী/খাতায়াত বাবদ ভাতা দেয়া যাবেনা; প্রশিক্ষণার্থীদের নাস্তার জন্য সর্বোচ্চ প্রতিদিন ৫০.০০ (পঞ্চাশ) টাকা ব্যয় করা যাবে;
- ৭) সেলাই মেশিন ক্রয়ের ক্ষেত্রে ব্রান্ড মেশিন (সিংঙ্গার/বটোর ফ্লাই) ক্রয় করতে হবে;
- ৮) পরিচালক, স্থানীয় সরকার, খুলনা এবং উপ পরিচালক, স্থানীয় সরকার, খুলনা এর উপস্থিত থেকে সেলাই মেশিন বিতরণ এবং রিক্সা/ভ্যান বিতরণ শেষে আবশ্যিকভাবে মন্ত্রণালয়ে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে।


(জুবাইদা মাসমীন)
উপসচিব

ফোনঃ ৯৫ ৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, খুলনা

অনুলিপিঃ

- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। প্রশাসক, জেলা পরিষদ, খুলনা।
- ৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।